যুগান্তর

তারিখ : 07 DEC 2016
পৃষ্ঠা ... ৬ কলাম ...

# ৮ শিক্ষার্থীকে পেটালেন শিক্ষক

**টঙ্গীবাড়ী (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

টঙ্গীবাড়ীতে এসএসসি পরীক্ষায় ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় সংক্রান্ত সংবাদ প্রকাশের জের ধরে সাংবাদিকের ভাগ্নেসহ ৮ শিক্ষার্থীকে পিটিয়ে জখম করেছে শিক্ষক। আহত শিক্ষার্থী মঙ্গলবার সন্ধ্যায় স্থানীয় ফার্মেসিতে চিকিৎসাসেবা নিয়েছে। টঙ্গীবাড়ী উপজেলার বেতকা ইউনিয়ন উচ্চবিদ্যালয়ে এ বছর এসএসসি পরীক্ষার ফরম পূরণে সবচেয়ে বেশি ফি ৫ হাজার ১শ' থেকে ৫ হাজার ৩শ' টাকা আদায় করা হয়। এ নিয়ে রোববার দৈনিক যুগান্তরসহ একাধিক পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। এ সংবাদ প্রকাশের জের ধরে মঙ্গলবার বিকালে ওই বিদ্যালয়ের ৮ শিক্ষার্থী সাংবাদিকদের কাছে এ সংক্রান্ত তথ্য দিয়েছে সন্দেহ করে টঙ্গীবাড়ী উপজেলার দিনকাল প্রতিনিধি মোজফ্ফর হোসেনের ভাগ্নে মানিক বেপারিসহ ৮ শিক্ষার্থীকে বেধড়ক পিটিয়ে জখম করে ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষক দ্বীন ইসলাম। আহত অপর শিক্ষার্থীরা হল— সিজান, সাকিব, অনিক, নাহিদ, জীবন, সাদিয়া আছিয়া। ওই শিক্ষার্থীরা এ বছর ওই বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষা দেবে।

মঙ্গলবার বিকালে ওই বিদ্যালয়ে কোচিং করা জন্য গিয়েছিল তারা। ফিন্যান্স ও ব্যাংকিং ক্লাস চলার সময় ওই বিভাগের শিক্ষক দ্বীন ইসলাম কোনো কারণ ছাড়াই ৮ শিক্ষার্থীকে পিটিয়ে জখম করে। এর আগে শনিবারি সংবাদ প্রকাশের জন্য তথ্য সংগ্রহের কাজে ওই বিদ্যালয়ে গেলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহিউদ্দিন আল মামুন সাংবাদিকদের সঙ্গে অসৌজন্যমূলক আচারণ করে বলেন, ফরম পূরণে টাকা নেয়ায় আপনাদের সমস্যা কোথায়। ধারণা করা হচ্ছে প্রধান শিক্ষকের ইন্ধনেই ওই শিক্ষার্থীদের পিটিয়ে জখম করা হয়েছে। এ ব্যাপারে ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহিউদ্দিন আল মামুনের সঙ্গে যোগযোগ করা হলে তিনি জানান, এ ব্যাপারে আমি কিছু জানি না।